# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৭৪৮

১৩. কিতাবুল হজ্ব (كتاب الحج)

পরিচ্ছেদঃ যেই ব্যক্তির স্ত্রীর উপর হজ ফরয হয়েছে, কিন্তু সেই ব্যক্তি ছাড়া তার আর কোন মাহরাম নেই, তবে সেই ব্যক্তির জন্য স্ত্রীর সাথে হজ করা নফল জিহাদ অপেক্ষা উত্তম মর্মে বর্ণনা

## ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ حَجَّ الرَّجُلِ بِامْرَأَتِهِ الَّتِي وَجَبَ عَلَيْهَا فَرِيضَةُ الْحَجِّ وَلَا مَحْرَمَ لَهَا غَيْرُهُ أَفْضَلُ مِنْ جِهَادِ التَّطَوُّعِ

---

আরবী

3748 - أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ مَحْمُودِ بْنِ مُقَاتِلٍ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الْجَبَّارِ بْنُ الْعَلَاءِ قَالَ: حَدَّثَنَا سُفْيَانُ عَنْ عَمْرِو بْنِ دِينَارٍ قَالَ: سَمِعْتُ أَبَا مَعْبَدٍ يَقُولُ سَمِعْتُ ابْنَ عَبَّاسٍ يَقُولُ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم عَلَى الْمِنْبَرِ يَخْطُبُ فَقَامَ إِلَيْهِ رَجُلٌ فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ اكْتُتِبْتُ فِي غَزَاةِ كَذَا وَكَذَا وَخَرَجَتِ امْرَأَتِي حَاجَّةً فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم: (اذْهَبْ فَحُجَّ بِامْرَأَتِكَ)

الراوي : ابْن عَبَّاسٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3749 | خلاصة حكم المحدث: صحيح - ((الروض)) (995): ق.

বাংলা

৩৭৪৮. আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি, তিনি মিম্বারে ভাষন দিচ্ছিলেন। এমন সময় এক ব্যক্তি দাঁড়িয়ে বললো, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমি ওমুক ওমুক যুদ্ধে নাম লিখিয়েছি। আর আমার স্ত্রী হজের জন্য বের হয়েছেন।” তখন তিনি জবাবে বলেন, “তুমি যাও এবং তোমার স্ত্রীর সাথে হজ সম্পাদন করো।” [1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ১৩৪১; মুসনাদ ইমাম শাফে‘ঈ: ১/২৮৬; মুসনাদ আহমাদ: ১/২২২; সহীহুল বুখারী: ৩০০৬; সহীহ ইবনু খুযাইমাহ: ২৫২৯; তাহাবী: ২/১১২; সুনান বাইহাকী: ৩/১৩৯; বাগাবী: ১৮৪৯।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আর রওয: ৯৯৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=93085

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন